

## হামলার প্রতিবাদে ঢাবি সাংবাদিকদের মিছিল সমাবেশ, সিভিকেটের নিন্দা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৷ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দুই সাংবাদিকের ওপর হামলা ও হাজরীক ক্যাডারদের হামলার প্রতিবাদে সোমবার প্রতিবাদী মৌন মিছিল ও সমাবেশ করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি। সংগঠনের পক্ষ থেকে ঘটনার পর থেকে ৭২ ঘণ্টার মধ্যে হামলাকারীদের বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কারের দাবি জানানো হয়। এদিকে সোমবার বিশ্ববিদ্যালয়ের জরুরী সিভিকেট সভায় সাংবাদিক নির্গতনের ঘটনায় নিন্দা জানানো হয়েছে। গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের একাডেমিক কমিটির জরুরী সভায়ও ঘটনার নিন্দা জানিয়ে দোষীদের শাস্তি দাবি করা হয়। অন্যদিকে কবি জসীম উদ্দীন হলে প্রথম আলোর বিশ্ববিদ্যালয় প্রতিবেদকের ওপর হাজরীক ক্যাডারদের হামলার ঘটনায় ৪ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেছে হস কর্তৃপক্ষ। ৪৮ ঘণ্টার মধ্যে কমিটিকে সুপারিশসহ প্রতিবেদন দিতে বলা হয়েছে। গত শনিবার গভীর রাতে কর্তৃত্বের অবস্থায় কবি জসীম উদ্দীন হলের সামনে হাজরীক ক্যাডার ডুইন, গেনিন ও সবুজের নেতৃত্বে হাজরীক ক্যাডাররা দৈনিক প্রথম আলোর বিশ্ববিদ্যালয় প্রতিবেদক আনু আনোয়ারের ওপর হামলা

(৩ পৃষ্ঠা ৩-এর ৩৪ দেখুন)

## হামলার প্রতিবাদে (১২-এর পাতার পর)

চালায়। পরদিন দুপুর ১টার হাজরীকের দুঃস্বপ্নের সংঘর্ষ চলাকালে হাজরীক ক্যাডারদের হামলায় আহত হন দৈনিক সিনকালের জাহেদুর রহমান আরমান। এ ঘটনার প্রতিবাদ ও হামলাকারীদের বিচারের দাবিতে সোমবার দুপুর ১২টার দিকে ক্যাম্পাসে মৌন মিছিল ও সমাবেশ করে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি। সংগঠনের এ কর্মসূচীতে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগসহ বিভিন্ন বিভাগের দুই শতাধিক শিক্ষার্থী অংশ নেন। ঘটনায় অনুষ্ঠিত সমাবেশে কর্মরত সাংবাদিক ও শিক্ষার্থীরা ৭২ ঘণ্টার মধ্যে হাজরীকের চিহ্নিত ক্যাডারদের এবং হাজরীকের হামলাকারী ক্যাডারদের খুঁজে বের করে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কারের দাবি জানান। তারা বলেন, একেত্রে প্রশাসন যদি কোনরূপ পড়িমসি করে তাহলে তারা প্রশাসনের বিরুদ্ধে আন্দোলনে যাবেন।

এদিকে কবি জসীম উদ্দীন হলে প্রথম আলোর সাংবাদিকদের ওপর হামলার ঘটনায় হলের আবাসিক শিক্ষক অধ্যাপক আবদুল কাদেরকে প্রধান করে ৪ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে ৪৮ ঘণ্টার মধ্যে রিপোর্ট দিতে বলা হয়েছে। এ প্রসঙ্গে হস প্রাধ্যক্ষ অধ্যাপক ড. আবতালক্বারমান জনকণ্ঠকে বলেন, "হস কর্তৃপক্ষ বিষয়টি সর্বোচ্চ গুরুত্বসহকারে বিবেচনা করছে।